# আদ-দুহা | Ad-Dhuha | ٱلضُّحَىٰ

আয়াতঃ ৯৩ : ৯

## আরবি মূল আয়াত:

فَأَمَّا الْيَتِيمَ فَلَا تَقْهَرْ ۝ ﴿٩﴾

## অনুবাদসমূহ:

সুতরাং তুমি ইয়াতীমের প্রতি কঠোর হয়ো না। — আল-বায়ান

কাজেই তুমি ইয়াতীমের প্রতি কঠোরতা করবে না। — তাইসিরুল

অতএব তুমি পিতৃহীনের প্রতি কঠোর হয়োনা, — মুজিবুর রহমান

So as for the orphan, do not oppress [him]. — Sahih International

### ৯. কাজেই আপনি ইয়াতীমের প্রতি কঠোর হবেন না।(১)

(১) এ নি'আমতগুলো উল্লেখ করার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে এর কৃতজ্ঞতাস্বরূপ কয়েকটি বিষয়ের নির্দেশ দেয়া হয়েছে। প্রথম নির্দেশ হচ্ছে, ইয়াতিমের সাথে কঠোর ব্যবহার করবেন না। অর্থাৎ আপনি কোন পিতৃহীনকে অসহায় ও বেওয়ারিশ মনে করে তার ধন-সম্পদ জবরদস্তিমূলকভাবে নিজ অধিকারভুক্ত করে নেবেন না। এর মাধ্যমে সকল উম্মতকেই ইয়াতীমের সাথে সহৃদয় ব্যবহার করার জোর আদেশ দেওয়া হয়েছে এবং বেদনাদায়ক ব্যবহার করতে নিষেধ করা হয়েছেন। [বাদা'ই'উত তাফসীর]

তাফসীরে জাকারিয়া

### ৯। অতএব তুমি পিতৃহীনের প্রতি কঠোর হয়ো না। [1]

[1] বরং ব্যবহারে তার সাথে নম্রতা ও অনুগ্রহ প্রদর্শন কর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6088

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন